

## এসএসসি/সমমান পরীক্ষার

ফলাফল পুনঃনিরীক্ষণ:

১২ মে থেকে ১৮ মে ২০১৬ পর্যন্ত

- শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে <Space> দিয়ে প্রার্থীর রোল নম্বর লিখে <Space> দিয়ে Subject Code লিখে পাঠিয়ে দিন ১৬২২২ নম্বরে। এক্ষেত্রে প্রতিটি বিষয় বা প্রতিটি পত্রের জন্য ১২৫ টাকা হারে ফি প্রযোজ্য হবে।
- ফিরতি SMS-এ আবেদন ফি বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN Number প্রদান করা হবে। আবেদনে সক্ষম থাকলে Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে YES লিখে <Space> দিয়ে PIN Number লিখে <Space> দিয়ে Contact Number লিখে Send করুন ১৬২২২ নম্বরে।
- যেসব বিষয়ের ২টি পত্র (যেমন: বাংলা ও ইংরেজি) রয়েছে সেসব বিষয়ে একটি Subject Code (বাংলার জন্য ১০১, ইংরেজির জন্য ১০৭)-এর বিপরীতে আবেদন দুটি পত্রের জন্য আবেদন হিসেবে গণ্য হবে এবং আবেদন ফি হিসেবে ২৫০ টাকা প্রযোজ্য হবে।
- একই SMS-এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। এক্ষেত্রে Subject Code পর্যায়ক্রমে কমা (,) দিয়ে লিখতে হবে।